MAR. 02 2000

দৈনিক সংবাদ ৬৭

তারিখ ...

পৃষ্ঠা ১২ কলাম ৬

## শিক্ষক সমিতির বিবৃতি
## নকল প্রতিরোধে কর্তৃপক্ষের সহযোগিতা চাই

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ ও মহাসচিব মোঃ সেলিম ভুইয়া এক বিবৃতিতে এসএসসি পরীক্ষায় দায়িত্বপালনকারী শিক্ষকদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করেন, তারা বলেন, নকল প্রতিরোধে সুষ্ঠু দায়িত্ব পালনকারী শিক্ষকরা বিভিন্ন সময়ে উচ্ছৃংখল লোকদের দ্বারা লাঞ্ছিত হন। অধিকাংশ ক্ষেত্রে স্থানীয় প্রশাসন নীরব ভূমিকা পালন করে। চলতি বছর শিক্ষক-অভিভাবক সকলকেই পরীক্ষা কেন্দ্রে নকল প্রতিরোধে এগিয়ে আসার জন্য নেতৃবৃন্দ অনুরোধ জানান।

নেতৃবৃন্দ আসন্ন ঈদুল আজহার পূর্বে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মার্চ মাসের বেতনের সরকারি অংশ ও উৎসব ভাতা প্রদানের জন্য জোর দাবি জানান। সংবাদ বিজ্ঞপ্তি।